সমকাল

তারিখ 27 DEC 2015
পৃষ্ঠা ... কলাম ...

### ফরম পূরণে অতিরিক্ত ফির অভিযোগ

# বকশীগঞ্জ ও দেওয়ানগঞ্জে শিক্ষার্থীদের বিক্ষোভ

■ জামালপুর ও বকশিগঞ্জ প্রতিনিধি

এইচএসসি পরীক্ষার ফরম পূরণ নিয়ে বকশীগঞ্জ ও দেওয়ানগঞ্জের দুটি ডিগ্রি কলেজে শিক্ষার্থীরা বিক্ষোভ করেছে। বকশীগঞ্জ খাতেমুন মঈন মহিলা ডিগ্রি কলেজে এইচএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণে বোর্ড নির্ধারিত ফির চেয়ে অতিরিক্ত টাকা নেওয়ার অভিযোগ উঠেছে। অতিরিক্ত ফি নেওয়ার প্রতিবাদ করায় শনিবার বিকেলে কলেজের অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক ও পরীক্ষা কমিটির আহ্বায়ক এ কে এম আক্রামুজ্জামান ফরহাদের দ্বারা কয়েকজন শিক্ষার্থী ও অভিভাবক লাঞ্ছিত হয়েছেন। এ ঘটনায় কলেজমাঠে বিক্ষোভ করেছেন ক্ষুব্ধ শিক্ষার্থী ও অভিভাবকরা।

জানা গেছে, কলেজের প্রায় সাড়ে তিন শতাধিক শিক্ষার্থীর ২০১৬ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় অংশ নেওয়ার জন্য ফরম পূরণ শুরু হয়। শনিবার শেষ সময় পর্যন্ত ২৬৫ জন শিক্ষার্থী ফরম পূরণ করে। রোববার থেকে জরিমানা নিয়ে ফরম পূরণ করা হবে। শিক্ষা বোর্ডের নির্ধারিত ফি হলো প্রায় এক হাজার ৮শ' টাকা। কিন্তু বিভিন্ন অজুহাতে প্রত্যেক শিক্ষার্থীর কাছ থেকে আদায় করা হয়েছে তিন থেকে সাড়ে তিন হাজার টাকা করে। তবে কলেজের অধ্যক্ষ বজলুল করিম তালুকদার জানান, বোর্ডের নির্ধারিত ফির বাইরে অতিরিক্ত কোনো অর্থ আদায় করা হয়নি।

অন্যদিকে কলেজের নির্ধারিত সময়সীমার শেষ দিনেও অতিরিক্ত টাকায় ফরম পূরণ করতে না পেরে শনিবার সন্ধ্যায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে দেওয়ানগঞ্জ এ কে মেমোরিয়াল ডিগ্রি কলেজের দুই শতাধিক পরীক্ষার্থী। বিক্ষুব্ধ পরীক্ষার্থীরা জানায়, গতকাল ছিল ওই কলেজের এইচএসসি ফরম পূরণের শেষ দিন। কলেজ কর্তৃপক্ষ নির্ধারিত ফির দ্বিগুণ ফি ধার্য করায় অনেক শিক্ষার্থী শেষ দিনেও ফরম পূরণ করতে পারেনি। কলেজের অধ্যক্ষ সুরুজ্জামান তালুকদার সমকালকে জানান, মোট ৬শ' শিক্ষার্থীর মধ্যে ৪শ' গতকাল পর্যন্ত ফরম পূরণ করেছে। অন্যরা আগামীকাল ফরম পূরণ করতে পারবে।